

জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি'র ফেব্রুয়ারি-২০২৬ খ্রি. মাসের সভার কার্যবিবরণী :


সভাপতি	: অন্নপূর্ণা দেবনাথ জেলা প্রশাসক, কুড়িগ্রাম
সভার তারিখ	: ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.
সভার সময়	: দুপুর ১:৩০ ঘটিকা
সভার স্থান	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে, বর্তমানে নারীর ক্ষমতায়ন ও বাইসাইকেল প্রদান কার্যক্রম, চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পসহ মোট ৫টি প্রকল্প চলমান রয়েছে। জানুয়ারি-২০২৬ মাসে সলিডারিটি সংস্থা ব্যক্তিগত সহায়তায় ১০০ জনকে শীতে আক্রান্ত মানুষকে কম্বল সহায়তা দিয়েছে। স্পিরিট প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলা পর্যায়ে শিশুরা খেলায় অংশগ্রহণ করেছে এবং বিভাগীয় পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করেছে। কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারীতে উপজেলা পর্যায়ে প্রকল্পের শিশু ও কিশোরকিশোরীদের সাথে জলবায়ু অভিযোজন বিষয়ে সেশন চলছে। চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদার করণ প্রকল্পে কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলায় ১৪৪ টি দলে বাল্য বিবাহ প্রতিরোধ, জলবায়ু সহনশীল ফসল চাষ, শৈত্য প্রবাহ, নারীর অধিকার ইত্যাদি বিষয়ে ১৪৪ টি সচেতনতামূলক মিটিং সম্পন্ন করেছে। উপকারভোগীদের কর্মসংস্থানের জন্য জলবায়ু সহনশীল ফসল ও সবজী চাষ ও ছাগল/ভেড়া ক্রয় ও পালনের ৬১৯ জন উপকারভোগীগনকে মোট এককালীন অনুদান ৪০,৩৯,০০০/= প্রদান করেছে সেগুলো ক্রয় করেছে কিনা তা নিবিরণভাবে মনিটরিং করা হচ্ছে।	সকল কার্যক্রম বাস্তবায়নে ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	সংশ্লিষ্ট এনজিও
০২	সভাপতি উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা ফলপ্রসূ করার উপর গুরুত্বারোপ করেন। উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহের মাসিক সমন্বয় সভায় তাদের কার্যক্রমের বিবরণসহ প্রত্যেক এনজিও কর্তৃক এফডি-৬ দাখিল করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়াও উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিশেষত কোনও প্রকল্প আরম্ভ করার সময় স্থানীয় প্রশাসনকে অবহিতকরণ/কর্মশালা আয়োজন করা হলে অংশীজন প্রকল্পটি সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করতে সক্ষম হবেন। এনজিওসমূহের প্রকল্প সমাপনী প্রত্যয়ন প্রাপ্তির ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বিবরণী প্রত্যয়ন প্রাপ্তির আবেদনের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।	১। সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে। ২। উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করতে হবে। ৩। নতুন প্রকল্প শুরু করার ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। ৪। প্রকল্প সমাপনান্তে প্রত্যয়নের জন্য আবেদনের সাথে সমাপ্ত প্রকল্পের ব্যয় বিবরণী আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ২। এনজিও (সকল), কুড়িগ্রাম

০২। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন এবং এনজিওসমূহ কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন-০৬ (ছয়) পাতা।



(অন্নপূর্ণা দেবনাথ)
জেলা প্রশাসক

ও

সভাপতি


জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

তারিখ : ১১ ফাল্গুন, ১৪৩২
২৪ ফেব্রুয়ারি, ২০২৬

নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২৬- ৬০

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম
৫., কুড়িগ্রাম।



(রুপচাঁদ)

সহকারী কমিশনার
সাধারণ শাখা

ও

সদস্য-সচিব

জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

ক্রম	এনজিও/ সংস্থার নাম	কার্যক্রম
৩৪	হ্যাভিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন- হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রাম	হ্যাভিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন-হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় বর্তমানে ১) দারিদ্র্য বিমোচন এং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ প্রকল্প এবং ২) Reducing Vulnerability, Improveing Livelihood and Disaster Preparedness of the Most at Risk Community in Flood-Prone Bangladesh Project নামে ২ টি প্রকল্প কুড়িগ্রাম সদর এবং উলিপুর উপজেলায় চলমান। উপকারভোগীদের ১২২ টি পশুকে (গরু) লাফি প্রতিরোধী টিকা প্রদান, ৬০ জন উপকারভোগীকে আয়বর্ধনমূলক কাজের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও সচেতনতামূলক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে।

.....
....., কুড়িগ্রাম

Abad
২৪/০২/২১

(রূপচাঁদ)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও

সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
কুড়িগ্রাম